**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 12.08.2026** **Desk in Charge: SDG**
**Time: 1-30 PM** **Edit & Compile: Jayanta Saha**
**DEO:- KB** **NRT:- Anindita B.**
**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি-

******************************************************************************

## বিশেষ বিশেষ খবর-

১/ নিট সংক্রান্ত বিষয়ে বিরোধীদের হই হট্টগোলের জেরে আজ লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দুপুর ২টো পর্যন্ত মুলতুবী করা হয়েছে ।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোভিন্দের জীবন চর্চা এবং সমাজ ও জাতির প্রতি তার অবদান উল্লেখযোগ্য। **#**তিনি আজ শ্রী কোবিন্দের আত্মজীবনীমূলক গ্রন্থের প্রকাশ করেন।

৩/ 'হর ঘর তিরঙ্গা' অভিযানের অধীনে দেশব্যাপী নানা কর্মসূচি নেওয়া হয়েছে

৪/ আজ বিশ্ব হাতি দিবস। **#** হাতি ও মানুষের মধ্যে সংঘাত কমাতে সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে।

৫/ উত্তরাখণ্ডে বর্ষা অব্যাহত থাকলেও দ্বিতীয় পর্যায়ের চারধাম যাত্রা নির্বিঘ্নে এগিয়ে চলেছে।

৬/ বঙ্গোপসাগরে সৃষ্ট নতুন ঘূর্ণাবর্তের জেরে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড মধ্যপ্রদেশ গুজরাট গোয়া ছত্তিশগড়ে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

*************************************************************************

নীট সংক্রান্ত বিষয়ে পরীক্ষার্থীদের বিক্ষোভের সময় পুলিশের কথিত পদক্ষেপ সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে লোকসভা আজ দুপুর ২-টো পর্যন্ত মুলতুবি করা হয়েছে। অধ্যক্ষ ওম বিড়লা, আজ সকাল ১১-টা প্রশ্নোত্তর পর্ব শুরু করলে বিরোধীরা নীট সংক্রান্ত বিষয় নিয়ে প্রশ্ন তোলেন এবং অযোধ্যার রামমন্দির অনুদানে অনিয়মের বিষয়টিও উত্থাপন করেন। অধ্যক্ষ বলেন, আজ আন্তর্জাতিক যুব দিবস দেশের শিক্ষা, বিজ্ঞান, মহাকাশ, গবেষণা, প্রযুক্তি সব ক্ষেত্রেই তারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

(বাইট – ওম বিড়লা)

অধ্যক্ষ লাগাতার বিরোধীদের সভা সুষ্ঠুভাবে পরিচালনা করার আহ্বান জানান। তিনি বলেন, নীতিগতভাবে পার্থক্য থাকতেই পারে, তবে দেশের মানুষ সুষ্ঠুভাবে সংসদ পরিচালনা দেখতে চায়। সংসদের মর্যাদা রক্ষা করা সকলেরই কর্তব্য।

এদিকে, বিরোধীরা তাদের দাবিতে অনড় থাকায় অধ্যক্ষ দুপুর ২-টো পর্যন্ত সভা মুলতুবি ঘোষণা করে।

***********************

এদিকে, রাজ্যসভার অধিবেশন আজ নিট সংক্রান্ত বিষয়ে বিরোধীদের হই হট্টগোলের জেরে দুপুর ২ টো মুলতবী করা হয়। সকাল ১১ টায় অধিবেশন শুরু হলে দপ্তরের মন্ত্রীরা সভায় নথি পেশ করেন।

প্রতিরক্ষা, অর্থ, উন্নয়ন পর্যটন, কৃষি, পশুপালন ও খাদ্য প্রক্রিয়াকরণ এবং কয়লা খনি ও ইস্পাতের বিষয়ে সংসদীয় স্থায়ী কমিটির প্রতিবেদন রাজ্যসভায় পেশ করা হয়। বিরোধীদের হই হট্টগোলের মধ্যেই চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণান 'জিরো আওয়ারে'র কাজ শুরু করেন। এই সময় CPIM-এর সদস্য জন ব্রিটাস, অন্য এক সদস্যের বিরুদ্ধে তার বিষয়ে অবমাননাকর মন্তব্যের প্রসঙ্গ উত্থাপন করেন। চেয়ারম্যান এ ব্যাপারে সদস্যদের সতর্ক থাকার পরামর্শ দেন। কোন সদস্যের বিরুদ্ধেই অসন্মমানজনক মন্তব্য করা উচিৎ নয় বলে তিনি জানান। এরপরে বিক্ষোভের মধ্যেই তিনি সভা মুলতবী ঘোষণা করেন।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের আত্মজীবনী মূলক গ্রন্থ মাই :ট্রাম্ফ অফ দ্য ইন্ডিয়ান রিপাবলিক" লাইফ, মাই স্ট্রাগলস" প্রকাশ করেছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেন, রাম নাথ কোবিন্দের জীবন ও তাঁর সাফল্যের উপলব্ধির ওপর ভিত্তি করে রচিত এই আত্মজীবনীমূলক গ্রন্থটি ভারতীয় গণতন্ত্র ও সমাজ ব্যবস্থার গঠনে এক গুরুত্বপূর্ণ সম্পদ হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী বলেন, রামনাথ কোবিন্দের জীবনচর্চা এবং সমাজ ও জাতির প্রতি তাঁর অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। বইটির সুফল পেতে প্রধানমন্ত্রী সকলকে পড়ার আহ্বান জানান। এই আত্মজীবনীতে রামনাথ কোবিন্দের ভারতের চতুর্দশতম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন এবং বিভিন্ন অভিজ্ঞতা, সংগ্রাম ও সাফল্যের কথা তুলে ধরা হয়েছে । প্রধানমন্ত্রী বলেন রাষ্ট্রপতি হিসাবে অবসরের পরেও তিনি এক দেশ এক নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গভীরভাবে কাজ করে গেছেন ।

(বাইট-প্রধানমন্ত্রী (

************************

হর ঘর তিরঙ্গা অভিযানের অধীনে দেশব্যাপী নানা কর্মসূচী নেওয়া হয়েছে।

(ইনসার্ট- হর ঘর তিরঙ্গা)

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে হর ঘর তিরঙ্গা বাইক র‍্যালীর উদ্বোধন৮ করেন। এর সূচনা লগ্নে তিনি বন্দেমাতরমের তাতপর্য ব্যখ্যা করেছেন।

এদিকে, আজ সকালে মেজর ধ্যান চাঁদ স্টেডিয়াম থেকে এক বিশেষ সাইকেল র‍্যালীর সূচনা করেছেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। সাংবাদিকদের তিনি বলেন, এই র‍্যালীর মাধ্যমে সহস্রাধিক মাই ভারত ভলেন্টিয়াররা এক উন্নত রাষ্ট্রগঠনে সাইকেল যাত্রার গুরুত্ব তুলে ধরছেন।

(বাইট- মনসুখ)

************************

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী শুক্রবার, ১৪-ই আগস্ট সন্ধ্যা ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সে কারণে ওই দিন আকাশবাণী কলকাতার সন্ধে ৭.৩৫ মিনিটের জাতীয় সংবাদ রাত ৮-টায় সম্প্রচারিত হবে। সন্ধে ৭ ও ৮-টার FM হেড লাইন্স এবং রাত ৮.১০-এর খেলার খবর বাতিল থাকছে। রাত সাড়ে ৯'টায় রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ সম্প্রচার করা হবে।

অন্যদিকে, ১৫-ই আগস্ট স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির লালকেল্লা প্রাকার থেকে সকাল ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ হলে রাজ্যবাসীর উদ্দেশে বেতার ভাষণ দেবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও। এজন্য স্বাধীনতা দিবসে সকাল ৭-টা ৩৫ মিনিটের স্থানীয় সংবাদ প্রচারিত হবে সকাল ৯-টা ১৫-র খবরের পর। ওই দিন আকাশবাণী কলকাতার সকাল ৭-টা ২৫ মিনিটের জাতীয় সংবাদ এবং সকাল ৭-টা, ৮-টা ও ৯-টার FM হেডলাইন্স বাতিল করা হয়েছে। ওইদিন ৯-টা ২৫ মিনিটের জেলার চিঠিও সম্প্রচারিত হবে না।
রাত ১০-টার সংবাদও বাতিল করা হয়েছে।

***********************

ভারী বৃষ্টির পর আজ ভোরে মুম্বাইয়ের ঘাটকোপার অঞ্চলে ভূমিধসের ঘটনায় দুজন নিহত হয়েছেন। এই ঘটনায় ছয় থেকে আট জন আটকে পড়ে আছে বলে মনে করা হচ্ছে।বৃহৎমুম্বাই মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মকর্তাদের মতে, রাত তিনটে নাগাদ চিরাগ নগরের গাউসিয়া চওলে এই ভূমিধসের ঘটনাটি ঘটে। বর্তমানে উদ্ধার কাজ চলছে। ঘটনাস্থলে এনডিআরএফ, বিএমসির কর্মী এবং অ্যাম্বুলেন্স মোতায়েন করা - হয়েছে।

***********************

রাজ্য পুলিশের বিশেষ STF, পাকিস্তানী এক জঙ্গীকে পশ্চিমবঙ্গের বনগাঁ সীমান্ত থেকে গ্রেফতার করেছে। রানা রাউফ ওরফে ওয়াহাব নামে ওই ব্যক্তি কলকাতার তপসিয়া এলাকায় বসবাস করছিল। পেশায় ছিল ছুতোর মিস্ত্রি। তার ভুয়ো আধার ও ভোটার

কার্ডও বানানো হয়েছিল। পাকিস্তানের ISI জঙ্গি গোষ্ঠীর সঙ্গে তার যোগসাজস আছে বলে মনে করা হচ্ছে। ধৃতকে আজ বনগাঁ আদালতে তোলা হবে।

***********************

সরকার আয়কর সংক্রান্ত একটি বিভ্রান্তিকর নোটিশকে ভুয়ো বলে চিহ্নিত করেছে। প্রেস ইনফরমেশন PIB-র ফ্যাক্ট চেকিং বিভাগ স্পষ্ট করে জানিয়েছে, ওই নোটিশে প্রাপকদের কাছে, প্রদেয় করের অংশ হিসাবে ৬ হাজার টাকা জমা দেওয়ার দাবি করা হয়েছিল । PIB জানিয়েছেন , আয়করের এই নোটিশটি ভুয়ো এবং অনলাইনে প্রতারণামূলক তথ্য সংগ্রহের অপচেষ্টা বলে অভিহিত করা হয়েছে।

***********************

উত্তরাখণ্ডে বর্ষার মরশুম অব্যাহত থাকলেও তীর্থযাত্রীদের যথেষ্ট উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে দ্বিতীয় পর্যায়ের যাত্রা শুরুর সাথে সাথে নির্বিঘ্নে এগিয়ে চলেছে চারধাম যাত্রা। দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভক্তরা দুর্গম পার্বত্য পথে যাত্রা করে কেদারনাথ ও বদ্রীনাথ ধামে পুজো দিতে পৌঁছচ্ছেন। শ্রী বদ্রীনাথ-কেদারনাথ মন্দির কমিটির চেয়ারম্যান হেমন্ত দ্বিবেদী জানিয়েছেন, বর্ষার বৃষ্টির মধ্যেও তীর্থযাত্রীদের নিরাপদ ও নির্বিঘ্ন যাত্রা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।

উত্তরাখণ্ডের চারটি প্রধান তীর্থস্থান—কেদারনাথ, বদ্রীনাথ, গঙ্গোত্রী ও যমুনোত্রী—নিয়ে চারধাম যাত্রা।

এদিকে, গতকাল উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি মুখ্যমন্ত্রীর বাসভবন থেকে সমস্ত জেলার জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। বৈঠকে বর্ষার পরিস্থিতি, চারধাম যাত্রা, কাঁওয়ার যাত্রা, দুর্যোগ মোকাবিলা, ‘জন-জন কি সরকার, জন-জন কে দ্বার’ কর্মসূচি, সত্যতা যাচাই অভিযান এবং রাস্তাঘাট গর্তমুক্ত করার মতো বিভিন্ন বিষয় নিয়ে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

বর্ষার পরিস্থিতির কথা মাথায় রেখে সমস্ত জেলাশাসককে সতর্কতা আরও বাড়ানোর নির্দেশ দিয়েছেন পুষ্কর সিং ধামি। একইসঙ্গে, দুর্যোগ মোকাবিলা ব্যবস্থা সর্বদা প্রস্তুত ও সতর্ক রাখার নির্দেশও দিয়েছেন তিনি।

************************

আজ বিশ্ব হাতি দিবস। এই উপলক্ষে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদব হাতি ও মানুষের মধ্যে যৌথ নিরাপদ ভবিষ্যত নিশ্চিত করাই ভারতের অঙ্গীকার আবারও উল্লেখ করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী যাদব বলেন, দেশের ১৪-টি রাজ্যে ৩৩-টি হাতি সংরক্ষণ কেন্দ্র রয়েছে। বৈজ্ঞানিকভাবে স্বীকৃত ১৫০-টি হাতির চলাচলের পথ করা হয়েছে। এছাড়াও হাতি ও মানুষের সংঘাত কমাতে সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, হাতির ভবিষ্যত সুরক্ষিত হলে, জীব বৈচিত্র্য ও পরিবেশগত ঐতিহ্য রক্ষা পাবে। তিনি এব্যাপারে নাগরিকদের সহযোগিতার আহ্বান জানান।

************************

কেন্দ্রীয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং বলেছেন, বিশ্বের বন্য এশীয় হাতির ৬০ শতাংশই ভারতে বাস করে। এরফলে দেশ হাতির বাস্তু সংস্থানে ঐতিহ্য রক্ষার এক জীবন্ত প্রতীক হয়ে উঠেছে। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী সিং বলেন, ভারতবর্ষ পৃথিবীর নানা বৈচিত্র্যের ভূমি। হাতিকে বাস্তুতন্ত্রের ইঞ্জিনিয়ার বলে উল্লেখ করে মন্ত্রী বলেন, এরা যাতায়াতের পথে দূরদুরান্তে বিভিন্ন উদ্ভিদের বীজ ছড়িয়ে দেয়। এরফলে নতুন গাছগাছালির জন্মের পাশাপাশি পরিবেশের ভারসাম্যও বজায় থাকে।

************************

ঝাড়খণ্ডে সরকারি চাকরির পরীক্ষায় অনিয়মের অভিযোগে ছাত্রদের প্রতিবাদ আন্দোলন আজ ১৯ তম দিনে পড়েছে। নিজেদের দাবি আদায়ে ইতিমধ্যেই অনশন চালিয়ে যাচ্ছেন আন্দোলনকারীরা। জয়পাল সিং মুন্ডা স্টেডিয়ামের মঞ্চ থেকে আন্দোলনকারীরা দাবি জানিয়েছেন, রাজ্য সরকারের চাকরির পরীক্ষায় যে অনিয়ম হয়েছে তার সিবিআই তদন্ত করতে হবে, পরীক্ষা ব্যবস্থায় সংস্কার করতে হবে এবং যে নিয়োগ পরীক্ষাগুলি নিয়ে প্রশ্ন উঠেছে সেগুলি বাতিল করতে হবে। গতকাল রাতে আন্দোলনকারীরা মৌন মিছিল করেন। পরে আন্দোলনস্থলে গিয়ে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলেন প্রশাসনিক আধিকারিকরা। অনশন প্রত্যাহারের আবেদন জানান তাঁরা।

***********************

বঙ্গোপসাগরে সৃষ্ট নতুন ঘূর্ণাবর্তের জেরে ওড়িশার কিছু অংশে ভারী থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া দফতর আইএমডি। ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপে পরিণত হতে পারে। আঙ্গুল ও কেওনঝড় জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টি হতে পারে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড, মধ্য মধ্যপ্রদেশ ও পূর্ব রাজস্থানে। উত্তরবঙ্গ,সিকিম, ছত্তিশগড়, গুজরাত, গোয়া, পাঞ্জাবেও ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। হিমাচল প্রদেশের ছয় জেলাতেও ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। শনিবার পর্যন্ত বৃষ্টি হতে পারে উত্তরাখন্ড, আসাম, অরুণাচলপ্রদেশ, নাগাল্যান্ড, মেঘালয়, মনিপুর, মিজোরাম, ত্রিপুরা, ছত্তিশ গড়ে।

***********************

এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু ফুটবলের প্রাথমিক রাউন্ডের নকআউট ম্যাচে আজ ইস্টবেঙ্গল, কুয়েতের ক্লাব আল- আরাবি এস সির মুখোমুখি হবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। এই ম্যাচে যে দল জয়ী হবে, সেই দল প্রতিযোগিতার গ্রুপ পর্বে খেলার যোগ্যতা অর্জন করবে। গত মরশুমে আই এস এল চ্যাম্পিয়ন হওয়ার পর এই প্রথম কোনো আন্তর্জাতিক টুর্নামেন্টে এর ম্যাচে খেলতে নামছে ইস্টবেঙ্গল। কুয়েত প্রিমিয়ার লিগে খেলা আল আরবি স্পোর্টিং ক্লাব গত মরশুমে দ্বিতীয় স্থানে শেষ করেছে। এখনো পর্যন্ত ৬০ টি ট্রফি জয় করেছে কুয়েতের এই জনপ্রিয় ফুটবল ক্লাব।

এদিকে, মহামেডান স্পোর্টিং আজ ডুরাণ্ড কাপ ফুটবলের গ্রুপ লিগে তাদের শেষ ম্যাচে আর্মি ফুটবল টিমের বিরুদ্ধে খেলবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

*************************************************************************